রাঙ্গামাটি সরকারী মহিলা কলেজ
স্থাপিত ঃ ১৯৯৪ইং
তাং.....
রাঙ্গামাটি পার্বত্য জেলা

জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/২০২৩/৫২৪৫ তারিখ : ০২/০১/২০২৫

২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। উক্ত সময়ের মধ্যে ফরম পূরণের যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের পর ফরম পূরণের যাবতীয় কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ফরম পূরণ সম্পর্কিত সকল কাজ সম্পন্ন করতে হবে।

ফরমপূরণ, শিক্ষার্থীর ডেটা এন্ট্রি নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার তারিখ:

বিবরণ	তারিখ
পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ	০৬/০১/২০২৫ হতে ১৩/০১/২০২৫ পর্যন্ত
শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ	১৪/০১/২০২৫
শিক্ষার্থীর ডেটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক)	১৫/০১/২০২৫ হতে ১৬/০১/২০২৫ পর্যন্ত
সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক)	১৯/০১/২০২৫ হতে ২০/০১/২০২৫ পর্যন্ত

অনুচ্ছেদ-৩(ঙ)ঃ এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যেসকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

সংশোধিত অনুচ্ছেদ-৩(ঙ)ঃ এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে **যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ ও ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।** শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

উল্লেখ্য ইতোপূর্বে স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২৩/৫১৬৭, তারিখ : ০৩/১১/২০২৪ ইং মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

বিঃ দ্রঃ

১। উক্ত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য শুধুমাত্র বিশ্ববিদ্যালয় ওয়েব-সাইট www.nu.ac.bd /www.nubd.info মারফত জানানো হবে। সংশ্লিষ্ট কলেজ ও কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এ ওয়েব-সাইট থেকে তথ্য সংগ্রহ করে নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে এবং সংশ্লিষ্ট ছাত্রছাত্রী/অভিভাবককে অবহিত করতে হবে।

২। ফরমপূরণের আবেদন নিশ্চিত করতে প্রয়োজনীয় ফিসহ আবেদন ফরমটি কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে, অন্যথায় প্রবেশপত্র ইস্যু করা হবে না এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/২০২৩/৫২৪৫ তারিখ : ০২/০১/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ।
৭। অফিস কপি।

(মোঃ নজরুল ইসলাম তালুকদার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ডিগ্রী পাস ও সার্টিফিকেট শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ